# বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়, ঢাকা

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়
ঢাকা

**একাডেমিক শাখা**

তারিখ: ১৩-০৮-২০২৪

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ/বৃত্তি প্রদান সম্পর্কিত একটি বিজ্ঞপ্তি(স্মারক নং- ৫৬.০০.০০০০.০৫৩.১৭.০০১.২১.২৮, তারিখ-১০-০৭-২০২৪, কপি সংযুক্ত) এবং ২০২৪-২০২৫ অর্থবছরে "হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ" প্রদানের জন্য একটি বিজ্ঞপ্তি(স্মারক নং- ৫৬.০০.০০০০.০৫২.৩৩.০০১.২১.৯, তারিখ-২৫-০৭-২০২৪, কপি সংযুক্ত) অত্র বিশ্ববিদ্যালয়ের সিএসই বিভাগ ও আইআইসিটি ইন্সটিটিউটের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনের জন্য অনুরোধ জানানো হয়েছে।

এমতাবস্থায় উপযুক্ত বিষয়ে পরবর্তী পদক্ষেপের জন্য সিএসই বিভাগের বিভাগীয় প্রধান মহোদয়কে অনুরোধ জানানো যেতে পারে।

13-08-24
(মোহাম্মদ আনোয়ার হোসেন)
প্রধান সহকারী

13-08-24
ফারজাদ খান লোদী
সহকারী রেজিস্ট্রার

14/08/24
রেজিস্ট্রার মহোদয়

বিভাগীয় প্রধান মহোদয়
সিএসই বিভাগ

Inform
* teachers
* students (postgraduate)
* web

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
উদ্ভাবনী ও বিশেষ অনুদান শাখা
www.ictd.gov.bd

তারিখ: ২৬ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
১০ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০০.০০০০.০৫৩.১৭.০০১.২১.২৮

## বিজ্ঞপ্তি

বিষয়: বিজ্ঞপ্তি/নোটিশ ০২ জুলাই ২০২৪

"তথ্য ও যোগাযোগ প্রযুক্তি খাতে গবেষণার জন্য ফেলোশিপ ও বৃত্তি প্রদান এবং উদ্ভাবনীমূলক কাজের জন্য অনুদান প্রদান সম্পর্কিত (সংশোধিত) নীতিমালা-২০১৬" অনুযায়ী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক চলতি ২০২৪-২০২৫ অর্থবছরে আইসিটি খাতে গবেষণার জন্য ফেলোশিপ/বৃত্তি প্রদান, আইসিটি ক্ষেত্রে উদ্ভাবনীমূলক কাজে উৎসাহ প্রদানের জন্য ব্যক্তি/প্রতিষ্ঠানকে অনুদান এবং বিশেষ অনুদান প্রদানের লক্ষ্যে নীতিমালায় বর্ণিত যোগ্যতা সম্পন্ন আগ্রহী বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে (দেশে/বিদেশে) অধ্যয়নরত বাংলাদেশী শিক্ষার্থী, গবেষক এবং প্রত্যাশী ব্যক্তি/প্রতিষ্ঠানসমূহের নিকট থেকে অনলাইনে (**ims.ictd.gov.bd**) আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

০২। অনলাইনে আবেদনপত্র দাখিল, বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময়সীমা নিম্নরূপ:

| রাউন্ড নং | অনলাইনে আবেদনপত্র দাখিলের সময়সীমা | বাছাই ও মূল্যায়নের সম্ভাব্য সময় |
|---|---|---|
| ১ম | ১০ জুলাই ২০২৪ হতে ১০ সেপ্টেম্বর ২০২৪ | অক্টোবর/২০২৪ |
| ২য় | ১১ সেপ্টেম্বর ২০২৪ হতে ১১ নভেম্বর ২০২৪ | ডিসেম্বর/২০২৪ |
| ৩য় | ১২ নভেম্বর ২০২৪ হতে ১২ জানুয়ারি ২০২৫ | ফেব্রুয়ারি/২০২৫ |

০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক ims.ictd.gov.bd হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে। সরাসরি আবেদনপত্র দাখিল নিরুৎসাহিত করা যাচ্ছে।

০৪। নীতিমালার সাথে সঙ্গতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য/বিবেচিত হবে না । এছাড়া, অসম্পূর্ণ আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৫। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন ও পরিবর্ধনের ক্ষমতা রাখে।

১০-০৭-২০২৪
সাদিয়া আফরোজ
সিনিয়র সহকারী সচিব
০২৪১০২৪০৪০
sadia.afroz@ictd.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/সচিব (সকল);
২। চেয়ারম্যান (অতিরিক্ত দায়িত্ব), চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন;
৩। যুগ্মসচিব, আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৪। বিভাগীয় কমিশনার (সকল);
৫। উপসচিব , হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৬। বিভাগীয় প্রধান, কম্পিউটার সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ, ........................ বিশ্ববিদ্যালয় (যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিলের বিষয়ে নির্দেশনা/উৎসাহ প্রদান এবং তাঁর কার্যালয়ের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ;
৭। পরিচালক, ইনস্টিটিউট অব ইনফরমেশন টেকনোলজি (আইআইটি)/ইনস্টিটিউট অব ইনফরমেশন এন্ড কমিউনিকেশন টেকনোলজি (আইআইসিটি), .................................. [যোগ্যতাসম্পন্ন প্রার্থীদের অনলাইনে আবেদনপত্র দাখিলের বিষয়ে নির্দেশনা/উৎসাহ প্রদান এবং তাঁর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
বৃত্তি ও ফেলোশিপ শাখা
www.ictd.gov.bd

নম্বর: ৫৬.০০.০০০০.০৫২.৩৩.০০১.২১.৯

তারিখ: ১০ শ্রাবণ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

বিজ্ঞপ্তি

বিষয়: বিজ্ঞপ্তি/নোটিশ ১৪ জুলাই ২০২৪

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক ২০২৪-২০২৫ অর্থবছরে "হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপ" প্রদানের জন্য প্রকৃত বাংলাদেশী নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহবান করা যাচ্ছে। **এক্ষেত্রে সংশ্লিষ্ট নীতিমালা অনুযায়ী নির্বাচিত ০২ জন ফেলোকে (১ জন পুরুষ ও ১ জন মহিলা) মাসিক ২,০০,০০০ (দুই লক্ষ) টাকা হারে ০১ বছরের জন্য ফেলোশিপ প্রদান করা হবে।**

০২। **হাই-প্রোফাইল আইসিটি স্কলার ফেলোশিপের যোগ্যতাঃ**
বিশ্ববিদ্যালয়ের গ্রাজুয়েশন এর ফলাফল ঘোষণার ০১ (এক) বছরের মধ্যে আবেদন করতে হবে। এসএসসি, এইচএসসি পর্যায়ে সিজিপিএ ৫.০০ এবং গ্রাজুয়েশন পর্যায়ে সিজিপিএ ন্যূনতম ৩.৭৫ থাকতে হবে। এছাড়া তথ্যপ্রযুক্তি সংশ্লিষ্ট বিষয়ে গ্রাজুয়েশন শেষ হতে হবে। চূড়ান্তভাবে নির্বাচিত হলে কোন সরকারি/বেসরকারি/স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরি করবেন না বা অন্য কোন প্রতিষ্ঠান হতে ফেলোশিপ/অনুদান গ্রহণ করবেন না মর্মে ৩০০ (তিনশত) টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে ঘোষণা প্রদান করতে হবে।

০৩। এ সংক্রান্ত নীতিমালাসহ অনলাইনে আবেদনপত্র দাখিলের লিংক ims.ictd.gov.bd হতে বিস্তারিত জানা যাবে ও Online এ আবেদনপত্র দাখিল করা যাবে (নীতিমালার অনুচ্ছেদ নং ৪.১ এবং ১৫)।

০৪। **অনলাইনে আবেদনপত্র দাখিলের শেষ সময়: ৩১-১২-২০২৪, রাত ১১:৫৯ টা পর্যন্ত ।**

০৫। নীতিমালার সাথে সংগতিপূর্ণ নয় এমন আবেদনপত্র গ্রহণযোগ্য ও বিবেচিত হবে না।

০৬। কর্তৃপক্ষ যে কোন সময় এ বিজ্ঞপ্তি বাতিল, পরিবর্তন, পরিবর্ধনের ক্ষমতা সংরক্ষণ করে।

২৫-০৭-২০২৪
সুফিয়া আক্তার রুমী
উপসচিব (অতিরিক্ত দায়িত্ব)
sufia.akhter@ictd.gov.bd

**বিতরণ জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব/সচিব সকল (বহুল প্রচারের লক্ষ্যে বিজ্ঞপ্তিটি মন্ত্রণালয়/বিভাগ এর ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ);
২। চেয়ারম্যান, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন (বহুল প্রচারের লক্ষ্যে বিজ্ঞপ্তিটি বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের অফিসিয়াল ওয়েবসাইটে প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।;
৩। যুগ্মসচিব, আইসিটি প্রমোশন ও গবেষণা অনুবিভাগ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৪। বিভাগীয় প্রধান, .......................................................................................................................;
৫। পরিচালক, .........................................................................................................................;
৬। উপসচিব , হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;
৭। উপসচিব (অতিরিক্ত দায়িত্ব ), লজিস্টিক সেবা-২ শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বহুল প্রচারিত ০১ টি বাংলা ও ০১ টি ইংরেজি দৈনিক পত্রিকায় ০১ দিনের সংখ্যায় প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ)।;
৮। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ;

৯। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং

১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ডিজিটাল গভর্নেন্স ও ইমপ্লিমেন্টেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (বিজ্ঞপ্তিটি বিভাগের ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।